গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
*www.dshe.gov.bd*

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১১.০০৪.২৩-**২২২**

তারিখ: ০৬ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৫ মার্চ, ২০২০ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১২.০০২.২০১৫-১২২ মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২২ অক্টোবর, ২০২০ তারিখে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিভাগীয় নির্বাচন কমিটির ২২/০৮/২০২৩ তারিখের কার্যবিবরণীতে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে **সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর** পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০২০০-২৪৬৮০/- টাকা (১৪ গ্রেড) বেতনক্রমে এবং সরকারী বিধি অনুযায়ী অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রঃ নং | মেধা ক্রম | | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | পূর্ণ ঠিকানা | পদায়কৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | ৩১৫০০০৪৪৪ | নাম-রায়হান ফেরদাউস<br>পিতা-সারোয়ার হোসাইন<br>মাতা-মমতাজ | গ্রাম-কয়রা, ইউনিয়ন-কয়রা, ডাকঘর-কয়রা, পোস্টকোড-৯২৯০ উপজেলা-কয়রা, জেলা-খুলনা | **সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর**<br>উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, কুমিল্লা |
| ২ | ২ | ৩১৫০০০০৩৫ | নাম-মোঃ আফজাল হোসেন<br>পিতা-মৃত মোঃ জয়নাল আবেদীন<br>মাতা-আমেনা | গ্রাম-আগরপুর (উত্তরপাড়া) ইউনিয়ন-রামদী, ডাকঘর-সরারচর পোস্টকোড-২৩৩৭ উপজেলা-কুলিয়ারচর, জেলা-কিশোরগঞ্জ | **সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর**<br>সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, সিলেট |
| ৩ | ৩ | ৩১৫০০০৬৮৫ | নাম-শবনম জেরিন রিতা<br>পিতা-আবু হানিফা<br>মাতা-হনুফা বেগম | গ্রাম-গণপদ্দী, ইউনিয়ন-গণপদ্দী ডাকঘর-গণপদ্দী, পোস্টকোড-২১৫১ উপজেলা-নকলা, জেলা-শেরপুর | **সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর**<br>উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, সিলেট |
| ৪ | ৪ | ৩১৫০০০৩৯৬ | নাম-কবির হোসেন<br>পিতা-মোঃ হারুনুর রশিদ<br>মাতা- হেলেনা বেগম | গ্রাম-উত্তর কলারদোরানিয়া ইউনিয়ন- উত্তর কলারদোরানিয়া ডাকঘর- বৈঠাকাঠা, পোস্টকোড - ৮৫৪১, উপজেলা- নাজিরপুর, জেলা-পিরোজপুর | **সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর**<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা |

## ২.০ শর্তাবলী:

(২.১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(২.২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে নিজ ব্যবস্থাপনায় সংগৃহীত সিভিল সার্জন অথবা তৎকর্তৃক মনোনীত মেডিক্যাল অফিসার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সক্ষমতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে;

(২.৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০ তারিখ: ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক সরকারি চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্য ও মাদকাশক্তি বিষয়ক (ডোপ টেস্ট) সনদ যোগদানের সময় দাখিল করতে হবে;

(২.৪) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানপত্রের সঙ্গে সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৬ (ছয়) কপি ছবি, আবেদনপত্রে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, কোটার স্বপক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রামাণিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

(২.৫) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হওয়ার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতীত এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(২.৬) নিয়োগপ্রাপ্ত পদে যোগদানের সময় অন্য কোন প্রতিষ্ঠানে চাকরিরত থাকলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র দাখিল করতে হবে;

(২.৭) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে;

(২.৮) যোগদানকৃত কর্মচারীর চাকরি সরকারি কর্মচারীর জন্য প্রযোজ্য আইন/বিধিমালা/নিয়োগবিধি দ্বারা পরিচালিত হবে;

(২.৯) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত বিধি-বিধান/আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/ আদেশ নিয়োগকৃতের জন্য প্রযোজ্য হবে;

(২.১০) চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতীত নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(২.১১) নিয়োগকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সম্পূর্ণ সাময়িক বলে বিবেচিত হবে। সন্তোষজনক পুলিশ প্রতিবেদন ও চাকরি স্থায়ীকরণের অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে নিয়োগকৃত ব্যক্তির চাকরি স্থায়ী করা হবে;

৩.০ উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে নিয়োগপ্রাপ্ত পদে আগামী **০১/১১/২০২৩** তারিখে অফিস চলাকালীন তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

৪.০ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৫.০ নিয়োগ সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণে সরকারি বিধিবিধানের আলোকে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৬.০ পদায়নের এ আদেশে পরবর্তীতে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ বিধি অনুযায়ী তা বাতিল অথবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে;

৭.০ জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

22.10.2023

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৬। সিভিল সার্জন, ........................................ জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৭। অধ্যক্ষ, ........................................................................... (সংশ্লিষ্ট সকল);
৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা .............অঞ্চল, .......... অনুরোধ করা হলো);
৯। জেলা শিক্ষা অফিসার, ............................................ (সংশ্লিষ্ট সকল);
১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ............................................ (সংশ্লিষ্ট সকল);
১১। প্রধান শিক্ষক, ..................................................................... (সংশ্লিষ্ট সকল);

(সংশ্লিষ্টদের যোগদানপত্র গ্রহণ করতঃ যোগদান রিপোর্ট dshere2020@gmail.com ই-মেইলে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রেরণের অনুরোধসহ)

১২। উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩। উপ-পরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ...............................................;
১৬। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা....................................................................;
১৭। জনাব..........................................................., পিতা/স্বামীর নাম:.................................................................................
মাতার নাম:........................................................., গ্রাম: ......................... ডাকঘর...................... উপজেলা: .....................
জেলা:....................... ;
১৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৯। সংরক্ষণ নথি।